# ইউনিক্স বনাম উইণ্ডোজ এনটি ঃ তুলনামূলক পার্থক্য

আশফাক হায়াত খান (উপল)

আপনি যদি ক্লায়েন্ট সার্ভার পরিবেশে কাজ করার জন্য আদর্শ অপারেটিং সিস্টেম বেছে নিতে চান, তবে কোন্ অপারেটিং সিস্টেম বেছে নেবেন তা সম্পূর্ণভাবে আপনার উপর নির্ভর করে। সার্ভার অপারেটিং সিস্টেম সফটওয়্যার বাজারে অনেক থাকলেও ইউনিক্স এবং উইণ্ডোজ এনটি উভয়ই বর্তমানে সার্ভার পরিবেশে কাজ করার সুযোগ্য অপারেটিং সিস্টেম হিসেবে সারা বিশ্বে জনপ্রিয় ও সমাদৃত। আমেরিকার বেল কর্পোরেশনের মেধাবী প্রোগ্রামাররা অনেকটা বলা চলে নিজেদের গবেষণা কাজের সুবিধার জন্য ইউনিক্স আবিষ্কার করেন। পরে এর অসীম সম্ভাবনার বিষয়টি উপলব্ধি করতে পেরে এর প্রয়োজনীয় উন্নয়ন সাধন করে সার্ভার মার্কেটে ছাড়েন। অপরদিকে সফটওয়্যার রাজ্যের অন্যতম দিক্‌পাল এবং স্থপতি হিসেবে বহুলভাবে পরিচিত মাইক্রোসফ্‌ট নেটওয়ার্কভিত্তিক অপারেটিং সিস্টেমে নিজেদের অংশগ্রহণ এবং আধিপত্য বিস্তারের উদ্দেশ্যে বহুল পরিচিত অপারেটিং সিস্টেম উইণ্ডোজের একটি ভার্শন হিসেবে উইণ্ডোজ-এনটি বাজারে ছাড়েন।

উইণ্ডোজ-এনটির সবচেয়ে আকর্ষণীয় বৈশিষ্ট্য হিসেবে ব্যাপক জোরালো বিপণন ব্যবস্থাকে চিহ্নিত করা হয়। উইণ্ডোজ-এনটির সাম্প্রতিক ভার্শন ৫.৫ আগের চেয়ে অনেক শক্তিশালী এবং ত্রুটিমুক্ত (BugFree) বলা যায়। কিন্তু একথাও সত্যি যে ইউনিক্সের করুণ পরিণতি সম্পর্কে সফটওয়্যার বাজারে যে গুজব বের হয়েছিল তা মিথ্যায় পর্যবসিত হয়েছে। ইউনিক্স দারুণভাবে বাজার দখলে সমর্থ হয়েছে এবং বেশ কিছু সুবিধা থাকা সত্ত্বেও উইণ্ডোজ-এনটি সে অনুযায়ী সমস্ত পৃথিবীর বাজার দখল করতে ব্যর্থ হয়েছে।

এনটি এবং ইউনিক্সের মধ্যে কোন্‌টি ভাল তা জানার জন্য নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে বিচার করতে হবে। তবে একথা অবশ্যই বলা যায় যে, এনটি এবং ইউনিক্স উভয়েরই বেশ কিছু সুবিধা এবং একইসাথে বেশ কিছু সীমাবদ্ধতাও রয়েছে।

### উইণ্ডোজ এনটির মূল সমস্যাসমূহ ঃ

এনটির প্রথম ভার্শন যখন বের হলো, এর মেমরীতে এবং বেশ কিছু আভ্যন্তরীণ সমস্যা থাকার কারণে এনটি কঠোর সমালোচনার সম্মুখীন হয়। তাছাড়া তখন এনটি উপযোগী সফটওয়্যারেরও চরম অভাব ছিল। যদিও, মাইক্রোসফ্‌ট প্রধান বিল গেটসের ভবিষ্যৎবাণী ছিল প্রথম বছর এক মিলিয়ন কপি বিক্রি হবে, কিন্তু সফটওয়্যার বাজারে তা প্রত্যাশিত গ্রহণযোগ্যতা তৈরি করতে পারেনি। ফলে মাত্র ৬,০০,০০০ কপি বিক্রি হয়। অপর দিকে ইউনিক্সের বাজার সেই তুলনায় ভাল ছিল। একই বছর ইউনিক্সের ৮,০০,০০০ কপি বিক্রি হয়। উইণ্ডোজ-এনটির বেশ কিছু প্রাথমিক সমস্যা বর্তমানে দূর করা হয়েছে এবং এখন এনটি আগের চেয়ে অনেক ভাল সামগ্রী হিসেবে পরিগণিত।

কিন্তু একটি সমস্যা যাকে গুরুত্ব না দিলেই নয়, তা হচ্ছে এনটি উঁচু মানের পারফরমেন্স দেখানোর উপযোগী নয় বরং সাম্প্রতিক উন্নয়নমুখী এবং মাইক্রোসফ্‌টের সহযোগী যেমন এটিএণ্ডটি এটিকে সার্ভার মার্কেটে প্রতিদ্বন্দ্বীতা করার উপযোগী করে গড়ে তুলেছে। এখন পর্যন্ত এমন কোন সুনির্দিষ্ট নিয়ম চালু হয়নি যে ইউনিক্স হার্ডওয়্যার বিক্রেতা কেবলমাত্র ইউনিক্স চালাবে। উদাহরণস্বরূপ ঃ আমেরিকার একটি হার্ডওয়্যার বিপণনকারী প্রতিষ্ঠান ডিজিটাল ইকুইপমেন্ট সর্বপ্রথম ওয়ার্কস্টেশন প্লাটফর্মে এনটিকে উপস্থাপন করে এবং এর ব্যবহারকারীদের জন্য বিকল্প অন্য কিছু ব্যবহারের ব্যবস্থা উন্মুক্ত রেখে দেয়। একইভাবে, এনটি সফটওয়্যারের স্বল্পতা ব্যবহারকারীদের চাহিদার পরিপ্রেক্ষিতে ধীরে ধীরে দূরীভূত হচ্ছে। এই কিছু দিন আগেও যেখানে এনটির সফটওয়্যার তুলনামূলকভাবে ৯,০০০ সান সোলারিস এবং ৮,০০০ এসসিও (সান্তাক্রুজ অপারেশনস) ইউনিক্স সফটওয়্যারের তুলনায় ১,০০০ কম ছিল। বর্তমানে উভয়ের মধ্যে সফটওয়্যার ভারসাম্য অনেকাংশে বিরাজ করছে।

### ইউনিক্সের সুবিধাসমূহ ঃ

ইউনিক্স নির্মাতাদের তৎপরতাই এনটির সামনে বড় বাঁধা। তারা ইউনিক্সকে আগের চেয়ে উন্নততর করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তাছাড়া, ইউনিক্সের এমন অনেক গুরুত্বপূর্ণ সুবিধা রয়েছে যা ইউনিক্সকে এনটির চেয়ে অধিক ব্যবহার উপযোগী এবং ইউজার ফ্রেণ্ডলি করে তুলেছে এবং বাজারে তার সাফল্য ধরে রাখতে সাহায্য করছে। ডাটা প্রটেকশন ইউনিক্সের একটি বড় গুণ। এটি সার্ভারকে অনাকাংখিত ডাটা বিনাশের হাত থেকে রক্ষা করে থাকে। ইন্টেল নির্ভর বাজারে ইউনিক্সের গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (GUI) এবং ক্লায়েন্ট সার্ভার ভার্শন ইউনিক্সকে অপেক্ষাকৃতভাবে এনটি অপেক্ষা উৎকৃষ্টতর করেছে। সফটওয়্যারের সহজলভ্যতা ইউনিক্সের আরেকটি বড় সুবিধা। কম দামে ইউনিক্স উপযোগী ভাল ভাল সফটওয়্যার বাজারে পাওয়া যাচ্ছে। কিন্তু এই অবস্থাকে আরও জটিল করে তোলার জন্য এসসিও. ইউনিক্সের সাথে সাথে উইণ্ডোজকেও সমর্থন করছে। অবস্থাদৃষ্টে এটিই মনে হওয়া স্বাভাবিক যে, ডেস্কটপের এই যুদ্ধে কে জিতবে তা নিয়ে বিক্রেতারা পরস্পর বাজী ধরার যুদ্ধে অবতীর্ণ।

ইউনিক্স একটি স্বীকৃত অপারেটিং সিস্টেম। যদিও পিসি নির্ভর নেটওয়ার্ক থেকে উত্তরণের প্রতি এনটির বেশ ঝোঁক আছে। ফলে এটি এই কারণে অনেক ব্যবহারকারীদের পছন্দ। কিন্তু ইউনিক্স সার্ভার অপারেটিং সিস্টেমের জন্য বেশ নির্ভরযোগ্য যা কোন প্রতিষ্ঠানের সমগ্র হিসাবপত্রসহ যাবতীয় কাজ করতে সক্ষম এবং এটি মেইনফ্রেম বা মিনি কমপিউটার থেকে বড় বড় অ্যাপলিকেশন প্রোগ্রাম রান করায় যা আজকালকার দিনে বেশির ভাগ প্রতিষ্ঠানেরই প্রধান প্রবণতা হিসেবে লক্ষ্য করা যায়। তাছাড়া ইউনিক্স যে কোন ধরনের কমপিউটার ব্যবহারোপযোগী। ল্যাপটপ থেকে সুপার কমপিউটার পর্যন্ত সব ধরনের কমপিউটারে এটি স্বচ্ছন্দে চলতে পারে। এনটি ভার্শন ৩.৫ ও অনেকটা এই ফীচারের অধিকারী হওয়া স্বত্ত্বেও এটি সম্পূর্ণরূপে নির্ভরযোগ্য এবং পরীক্ষিত নয়। প্রায়ই দেখা যায় যে, সফ্‌টওয়্যারের ত্রুটিজনিত কারণে এনটি মাঝে মাঝে হঠাৎ হ্যাং হয়ে যায়।

### ইউনিক্সের হাজার ভেরিয়েন্ট ঃ

বাজারে ইউনিক্সের ১০ হাজারের অধিক এপ্লিকেশণ থাকলেও তা ছড়িয়ে আছে প্রায় ৪০টি ইউনিক্স ভেরিয়েন্ট-এর মধ্যে। বিভিন্ন প্রতিষ্ঠানের তৈরি ইউনিক্সের বিভিন্ন ভার্শনগুলোর মধ্যে অমিল এবং একটি একক standard-এর অভাব, বিগত কয়েক বছরে ইউনিক্সের কিছুটা পিছিয়ে পরার কারণ বলে কোন কোন বিশষজ্ঞ মনে করেন। বিভিন্ন ভার্শনগুলোর মধ্যে বৈচিত্রের কারণে এত বিপুল পরিমাণ এপ্লিকেশণ তৈরি হয়েছে এবং এটিই আগামীতে ইউনিক্সের সাফল্যের মূল কারণ হবে। ইউনিক্সের এই হাজার হাজার ভার্শন অথবা ভেরিয়েন্ট-এর কারণে ইউনিক্স নির্মাতা অথবা ভেনডর-এর মধ্যে একটি প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টি হয়েছে, এবং একই কারণেই এর এত দ্রুত উন্নতি সাধিত হচ্ছে। আই.ডি.সি.র অপর এক তথ্য জরীপ অনুযায়ী ইউনিক্স সার্ভার মার্কেটে সর্বমোট ৪,৩১,০০০ ইউনিট বিক্রি হয়েছে তার ৩৬ শতাংশ সান্তাক্রুজ অপারেশনস (SCO) দখল করে আছে। এইচপি/ইউএক্স ১৩ শতাংশ, আইবিএম ১১ শতাংশ এবং সান/সোলারিস ৮.৫ শতাংশ মার্কেট বিস্তার করে আছে। অন্যান্য ইউনিক্স ৩১.৫ শতাংশ দখল করে আছে।

### তুলনামূলক চিত্র ঃ

বিভিন্ন প্রতিষ্ঠানের তৈরি বিভিন্ন variant-এর ইউনিক্স বাজারে পাওয়া যাচ্ছে। এই সকল ইউনিক্স একত্রিতভাবে উইণ্ডোজ এনটি-এর সাথে তুলনা করা যুক্তিযুক্ত হবে না। যে কোন একটি নির্দিষ্ট প্রতিষ্ঠানের কোন একটি ইউনিক্স variant-এর সাথে NT-এর তুলনা করলে দেখা যায় NT বেশ অগ্রগামী। কিন্তু যেহেতু ইউনিক্স একটি স্টাণ্ডার্ড standard সুতরাং সামগ্রিকভাবে ইউনিক্সের তুলনায় NT-এর অবস্থান নগন্য। ইন্টারন্যাশনাল ডাটা কর্পোরেশন (IDC) প্রদত্ত এক তথ্য অনুযায়ী ১৯৯৫ সালে উইণ্ডোজ এনটি ৮,৫২,০০০ কপি, সান সোলারিস ৩,১৩,৭৮১, ইন্টার অ্যাকটিভ ২১,৫০০, এসসিও (SCO) ১,৯২,০০০, এইচপি ইউএক্স ২,১৫,৫৫৭, এ.আই.এক্স ১,১৪,৭৫৮, ইউনিক্সওয়্যার ১৮,৬০০, নেক্সট স্টেপ ৩২,৮০০ এবং অন্যান্য ৪,৬০,৯২০ কপি বিক্রি হয়েছে। এখানে লক্ষণীয় যে, এনটি বাদে অন্যসব কোম্পানির সফ্‌টওয়্যারগুলো ইউনিক্সেরই আওতাভুক্ত।

এটি সহজেই অনুমেয় যে, এনটি সফটওয়্যার বাজারে একমাত্র সফ্‌টওয়্যার নয়। এটি একটি সমাধান মাত্র, একমাত্র সমাধান নয়। কিন্তু শক্তির বিচারে এটিও বর্তমানে কম নয়। এনটির শক্তিশালী নতুন ভার্শন এনটিকে ইউনিক্সের বিকল্প হিসেবে স্থান নিয়েছে। এনটি ব্যবহারকারীদের অতি সুপরিচিত সহজে ব্যবহারযোগ্য এবং সহজবোধ্য উইণ্ডোজের ইন্টারফেসের মতো ইউজার স্ক্রিন উপহার দিয়েছে এবং স্বাভাবিক গতিতে পিসি নির্ভর নেটওয়ার্ক থেকে ক্লায়েন্ট সার্ভার নেটওয়ার্কে উত্তরণের সুবিধা প্রদান করে। মাইক্রোসফ্‌ট এই পর্যন্ত যত সফটওয়্যার তৈরি করেছে তার মধ্যে কারিগরী উৎকর্ষতার দিক বিচারে উইণ্ডোজ এনটি ৩.৫ সর্বোত্তম স্থান অর্জন করেছে, নতুন এই ভার্শনটি আগের চেয়ে কম র‍্যামে চলে। দুই বা ততোধিক এলাকায় মধ্যে নেটওয়ার্কিং-এ উইণ্ডোজ এনটি আগে যে পরিমাণ খারাপ পারফরমেন্স দেখাতো, এখন আগের চেয়ে অনেক ভালো পারফরমেন্স দেখায়। এনটি ৩.৫ স্থাপন ও রক্ষণাবেক্ষণও বেশ সহজ ও স্বাচ্ছন্দ্যপূর্ণ, যদিও বেশ

**উইণ্ডোজ এনটি বনাম ইউনিক্স**

| উইণ্ডোজ এনটি | ইউনিক্স |
|---|---|
| ☐ মাইক্রোসফ্‌টের অধিকারভুক্ত। একজনই বিক্রেতা। | ☐ খোলা, অনেক বিক্রেতার উপস্থিতি। |
| ☐ স্বল্প এপ্লিকেশন, ক্রমশ বাড়ছে। | ☐ প্রচুর অ্যাপলিকেশন। |
| ☐ সার্ভারের জন্য সম্পূর্ণরূপে নির্ভরযোগ্য নয়। | ☐ প্রতিষ্ঠিত সার্ভার অপারেটিং সিস্টেম। |
| ☐ পিসিল্যান থেকে উত্তরণের সুবিধা দেয়। | ☐ মেইনফ্রেম এবং মিনি কমপিউটার থেকে নিচু পর্যায়ে ব্যবহারের সুবিধা দেয়। |

কিছু ব্যবহারকারী এখনও অভিযোগের সুরে বলে থাকেন যে, এটি বেশ ধীর গতিসম্পন্ন এবং রিসোর্স ইন্টেনসিভ। এতো কিছুর পরেও এনটির অগ্রযাত্রা কিন্তু থেমে নেই। এখন ধীরে ধীরে এনটির গ্রহণযোগ্যতা বেড়ে চলেছে। বহু প্রতিষ্ঠান যারা ক্লায়েন্ট সার্ভার পরিবেশে কাজ করার উদ্যোগ নিচ্ছেন তারা উইণ্ডোজ এনটিকে তাদের কাজের সহচর হিসেবে বেছে নিচ্ছেন। তাই, একথা নির্দ্বিধায় বলা যায় সফটওয়্যার বাজারে উইণ্ডোজ-এনটির সফলতা প্রায় নিশ্চিত, যদি না মাইক্রোসফট আরও ভাল কিছু তার বদলে উপহার দেয়। তেমন অস্বাভাবিক কিছু না ঘটলে, মাইক্রোসফটের কর্মীরা আশা করতে পারেন যে, এনটি সাফল্যের মুখ দেখবে। কিন্তু ভার্শন ৩.৫-এ এত উন্নতি সাধনের পরও এটি এমএস ডসের একটি উন্নততর ভার্শন ব্যতীত আর কিছুই নয়।

অপরদিকে ইউনিক্সের কর্মীরা শুধু শুধু বসে নেই। তারা এখন ইউনিক্সকে আগের চেয়ে সহজে ব্যবহারযোগ্য এবং সর্বজনীন করে গড়ে তোলার জন্য কাজ করে যাচ্ছেন। তবে ইউনিক্সের একটি বড় সমস্যা হলো এটি বেশ জটিল এবং দুর্বোধ্য। উইণ্ডোজের বর্ণালীময় ভুবন যাঁরা পছন্দ করেন ইউনিক্সের আপাতঃ নীরস স্ক্রীন তাঁদের বেশ কিছুটা হতাশ করবে।

তবে, ইউনিক্স এখনও অনেক জায়গায় তার আধিপত্য বজায় রেখেছে। বিশেষ করে, যে সব জায়গায় কারিগরী এবং বিজ্ঞান বিষয়ক চর্চা হয়, সেই সব জায়গায় এটি বেশ পাকাপোক্ত আসন করে নিয়েছে। এর বেশ একটি মজবুত অবস্থান রয়েছে। বিশেষ করে, ইন্টারনেট সার্ভার এবং সাধারণ বুলেটিন বোর্ড সার্ভিস (BBS) প্রদান করেন তারাও ইউনিক্সকে তাদের সার্ভারের অপারেটিং সিস্টেম হিসেবে ব্যবহার করে চলছেন। ই-মেইল সার্ভিস প্রদান করেন এমন প্রতিষ্ঠান সাধারণতঃ ইউনিক্স ব্যবহার করে থাকেন। কারণ, এই সব সার্ভারে ব্যবহারকারীরা বিভিন্ন ধরনের পিসি (যেমন- আইবিএম কিংবা মেকিনটশ) দিয়ে বিভিন্ন ধরনের অপারেটিং সিস্টেমের (যেমন- ডস, উইণ্ডোজ, ইউনিক্স ইত্যাদি) মাধ্যমে সার্ভারে প্রবেশ করেন। আর বিভিন্ন ধরনের অপারেটিং সিস্টেমের মধ্যে কাজ করতে ইউনিক্সই সবচেয়ে বেশি উপযোগী। ফলে, আশা করা যায়, এটি ধীরে ধীরে উন্নত থেকে উন্নততর হবে। তবে, মাইক্রোসফট যতই চেষ্টা করুক না কেন, ইউনিক্সকে তার অবস্থান থেকে টলানো খুবই কঠিন। এনটি ইউনিক্সের বিকল্প হতে পারে না কারণ একটি ইউনিক্স সার্ভারকে এনটি সার্ভারে রূপান্তর করা সহজ নয়। একাজ করতে হলে আপনাকে সমস্ত সফটওয়্যার অ্যাপলিকেশনগুলোকে নতুন করে লিখতে হবে এবং শুধু তাই নয় প্রোগ্রামারদেরও সে অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করে দিতে হবে। তাই, মাইক্রোসফট যদি বিনে পয়সায়ও সবাইকে এনটি দেয়, তাঁরা ইউনিক্স ব্যবহারকারীকে এনটি ব্যবহারকারী হিসেবে রূপদান করতে পারবে না। এর জন্য যে পরিমাণ খরচ হবে তা বহন করা যে কারও পক্ষে অসম্ভব হবে।

তবে এনটি এবং ইউনিক্সের এই যে পারস্পরিক দ্বন্দ্ব তা কিন্তু দিনে দিনে বেড়েই চলছে, উন্নয়নের দিক দিয়ে কেউই পিছিয়ে নেই এবং সে জন্য দেখা যায় বিভিন্ন কমপিউটার বিষয়ক পত্রিকায় উভয় কোম্পানীর কর্মকর্তারা একে অপরের দোষারূপ করে চলেছেন। তবে, মাইক্রোসফটের প্রতিটি পণ্যের কাটতির পিছনে বিজ্ঞাপনের যে একটি বড় অবদান আছে তা অনেকেই স্বীকার করেন। ডি.এইচ. ব্রাউন এসোসিয়েটস-এর ডিরেক্টর ডি.এইচ. ব্রাউনের মতে এনটি পিসি/ল্যান লেভেলে ভাল প্রতিদ্বন্দ্বিতা করতে পারলেও অত্যধিক জটিল কার্যক্ষমতা এবং সাপোর্ট যেখানে প্রয়োজন হয় তেমন উঁচু পর্যায়ের বাজারে এনটি মোটেই সুবিধা করতে পারবেনা। সেখানে বর্তমানে শক্তিশালী এবং পরিণত ইউনিক্স ভিত্তিক সিস্টেম প্রবল প্রতাপে প্রতিনিধিত্ব করে যাচ্ছে। তাছাড়া, মাইক্রোসফট একটি সিস্টেম নয় একটি সফটওয়্যার কোম্পানি মাত্র। ইউনিক্স বিক্রেতারা যেমন ব্যবহারকারীকে পরামর্শ, সিস্টেম ইনস্টল, পরিপূর্ণ হার্ডওয়্যার এবং সফটওয়্যারের যোগান দিতে পারে, এনটি তেমনটি পারে না। যদিও উইণ্ডোজ ৯৫ এর মত একই রকম দেখতে হওয়াটা এনটির জন্য সুবিধাজনক হয়েছে কারণ এটি ব্যবহারকারীকে একটি পরিচিত ধরনের পরিবেশে কাজ করার সুযোগ দেয় কিন্তু বাস্তবে কাজটি সম্পূর্ণ করার জন্য আরও অনেক কিছু বিবেচনা করা উচিত।

সবশেষে, এটুকুই বলা যায় যে, সার্ভার মার্কেটে নিত্য নতুন অপারেটিং সিস্টেম আসছে এবং আসতে থাকবে। তাই ইউনিক্স, জেনিক্স, নোভেল, উইণ্ডোজ-এনটি প্রভৃতি অপারেটিং সিস্টেমের মধ্যে কোনটি আপনি আপনার ক্লায়েন্ট সার্ভারের জন্য বেছে নেবেন সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনাকে অবশ্যই আপনার প্রতিষ্ঠানের কাজের ধরনসহ আলোচ্য বিভিন্ন বিষয়াদি বিবেচনায় আনতে হবে। তাই, যে সিস্টেমটি আপনার চাহিদাকে পূরণ করতে পারবে সেটি বেছে নেয়াই বুদ্ধিমানের কাজ হবে। ❖


# DAFFODIL's



CD-MOVIE CLUB

## MEMBERSHIP SCHEDULE

| Membership Catagory | Movie (at a time) | Membership Charge | Movie Rental |
|---|---|---|---|
| A Category Member | 4 Movie | Tk.5,000.00 | Tk.50.00 |
| B category Member | 2 Movie | Tk.3,000.00 | Tk.50.00 |
| C category member | 1 Movie | Tk.1,500.00 | Tk.50.00 |
| General Member | 1 Movie | Purchase of 2 PC at once | Tk.50.00 |
| Special Member | Call | Call | Call |

ACTION
HORROR
HUMOROUS
ROMANTIC
SCIENCE FICTION

## TERMS & CONDITIONS

A.Member can rent 1 movie for 24 hour only.
B.If any scratch found in the CD, member should pay the price of the movie
C.Please check CD's scratch or errors before rent.
D.Payment of the movie should be made before rent.

816103, 9116600, 9122301, 815986, 9113203

Daffodil Computers

| Super Store | Branch Office | Show Room |
|---|---|---|
| 64/3, Lake Circus, 2nd fl Kalabagan,Dhaka | 101/1 Green Road (1st & 2nd Fl.) Farmgate, Dhaka | City Super Market 95, New Elephant Road Dhaka |